



রংপুর টিচার্স ট্রেনিং কলেজের এই ভবনে শুরু হতে যাচ্ছে বিশ্ববিদ্যালয়ের ক্লাস

-ইত্তেফাক

রংপুর বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হচ্ছে ২৮ মার্চ

। ওয়াদুদ আলী, রংপুর ।

অবশেষে আগামী ২৮ মার্চ রংপুরবাসীর প্রাণের দাবি রংপুর বিশ্ববিদ্যালয়ের ১ম শিক্ষাবর্ষের ক্লাস শুরু হতে যাচ্ছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আনুষ্ঠানিক ভাবে ক্লাস শুরুতে প্রস্তুতি গ্রহণ করেছে। এরই পরিপ্রেক্ষিতে ২৮ মার্চ সকালে রংপুর জিলা পরিষদ মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনীতি বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. আমজাদুল হক আহমেদ ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম উপস্থিত থাকবেন বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের জাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম মুফতর রহমানের সাথে বোগাযোগ করা হলে তিনি জানান, বর্তমান সরকারের আওত্রিক প্রচেষ্টায় ১ম শিক্ষাবর্ষের ক্লাস শুরু করার প্রস্তুতি নেয়া হয়েছে। রংপুর বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করে বেঙ্গল একেডেমি বিশ্ববিদ্যালয় রংপুর নামকরণের সরকারি ঘোষণার ব্যাপারে তিনি জানান, বিষয়টি এখন পর্যন্ত প্রক্রিয়াধীন হয়েছে। সরকারিভাবে চূড়ান্ত নির্দেশ না পাওয়া পর্যন্ত যোজিত নতুন নাম ব্যবহার করতে পারছেন না বলেও জানান তিনি। এদিকে ৭৫ একর জমির উপর রংপুর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভবন প্রতিষ্ঠার মাঠের প্রায় প্রস্তুত করা হলেও আজ পর্যন্ত সেখানে অস্বাভাবিকভাবে নির্মাণ কার্যক্রম শুরু করা হয়নি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানায়, ক্লাস শুরুর লক্ষ্যে ইতোমধ্যে ৬টি বিভাগে ১২ জন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। রংপুর টিচার্স ট্রেনিং কলেজের অস্থায়ী কার্যালয়ে রংপুর বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু করার সর্বমুখ প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। চপতি শিক্ষাবর্ষের প্রথম পর্যায়ে অস্থায়ী কার্যালয়ের ৬টি কক্ষে বিজ্ঞান, প্রকৌশল, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষ্ঠানের অধীনে গণিত, কম্পিউটার বিজ্ঞান, বাংলা, ইংরেজী, অর্থনীতি ও বিবিএসহ ৬টি বিষয়ে ৩৯ ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। গত বছরের ৬ ডিসেম্বর তৎকালীন প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমেদ রংপুর কারনাইকেশন কলেজ সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের নামজারী করা ৭৫ একর জমির উপর রংপুর বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।